গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

মূসক-আইন ও বিধি শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২/২০১৩/ ২৯৩ (৬০)

তারিখঃ ১৫ সেপ্টেম্বর, ২০১৯খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আওতায় মূসক নিবন্ধন/তালিকাভুক্তির তথ্য প্রেরণ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হতে কার্যকর মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪ হতে ৮ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪ হতে ৬ এ মূসক নিবন্ধন/তালিকাভুক্তির বিধান সন্নিবেশিত রয়েছে। প্রত্যেক নিবন্ধন/তালিকাভুক্তি যোগ্য ব্যক্তিকে ফরম মূসক ২.১ এ অনলাইনে আবেদন করে ফরম মূসক ২.৩ এ অনলাইনেই নিবন্ধন/তালিকাভুক্তিপত্র গ্রহণ করতে হবে। ইতোমধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫. ১২/২০১৩/২৭০, তারিখঃ ১৯ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ এর মাধ্যমে আবেদন প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনকারীর ইমেইল ঠিকানায় নিবন্ধন/তালিকাভুক্তিপত্র প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, আপনার কমিশনারেটের নিবন্ধন ও তালিকাভুক্তি তথ্য নিম্নোক্ত 'ছক' এ আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জরুরি ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সাথে যারা ইতিমধ্যে নিবন্ধিত হয়েছে তাদেরকে ১৩ ডিজিটের নিবন্ধন গ্রহণ করার জন্যও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং নিবন্ধনের জন্য রাজস্ব আদায়ের ক্ষেত্রে যেন কোনরূপ প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় সে দিকেও লক্ষ্য রাখার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | বিভাগের নাম | পুরাতন আইনে প্রতিষ্ঠানের সংখ্যা | | নতুন আইনে প্রতিষ্ঠানের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | নিবন্ধিত | তালিকাভুক্ত | নিবন্ধিত | তালিকাভুক্ত | |
| | | | | | | |

১৫/০৯/১৯

( মোঃ তারেক হাসান )
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

প্রাপকঃ

কমিশনার,
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/
চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/রাজশাহী/রংপুর/যশোর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

**<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ</u> (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
২-৫। সদস্য (শুল্ক নীতি)/ (মূসক নীতি)/ (মূসক বাস্তবায়ন)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬-১১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
১২-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
১৬-১৭। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর / শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১৮। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
১৯। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২০-২২। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)/(শুল্ক: নীতি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।